# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ০৯ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

## গার্মেন্টসকর্মী ও শ্রমিকদের জন্য সন্ধ্যাকালীন স্বাস্থ্যসেবা চালু করতে চাই: মেয়র

গার্মেন্টসকর্মী ও শ্রমিকরা দিনে কাজে ব্যস্ত থাকে বিধায় তাদের জন্য রাতে মেডিকেলসেবা চালু করতে চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) প্রতিনিধি দলের সাথে আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের বিষয়ে আলাপকালে মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, বাণিজ্যিক এলাকা হওয়ায় চট্টগ্রামে বিপুল পরিমাণ শ্রমিক ও গার্মেন্টসকর্মী কাজ করেন যারা দিনে ব্যস্ত থাকায় চিকিৎসাকেন্দ্রে যেতে পারেননা। আবার, আর্থিক সংকটে থাকায় বেসরকারি হাসপাতালেও তারা সেবা নিতে পারেননা। সমাজের পিছিয়ে পড়া এই মানুষদের স্বাস্থ্যসেবা নিশ্চিতে রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালু করতে চাই। বিশেষ করে চট্টগ্রামের ইপিজেডসহ শিল্পঘন এলাকাগুলোতে দ্রুতই রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালু করব।

"এডিবি আর্থিক সহায়তার জন্য এগিয়ে আসলে চসিকের আওতাধীন স্বাস্থ্যসেবা কেন্দ্রের সংখ্যা ও সেবার পরিধি বৃদ্ধি সম্ভব হবে। স্বাস্থ্যখাতে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে প্রসূতি মায়েদের প্রাণরক্ষার পাশাপাশি নবজাতকদের যথাযথ সেবা দিয়ে আগামীর প্রজন্মকে স্বাস্থ্যবান হিসেবে গড়ে তোলা সম্ভব। আর্থিক সংকটের কারণে কেউ স্বাস্থ্যসেবা না পেয়ে মারা যাবে এমন অমানবিক পরিস্থিতি এড়াতে স্বাস্থ্যসেবায় বিনিয়োগ বৃদ্ধি এবং আরো বেশি চিকিৎসক, নার্সসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মী নিয়োগ প্রয়োজন। ইতোমধ্যে বন্দরটিলা হাসপাতালে চসিকের নিজস্ব ফান্ড থেকে অর্থ বরাদ্দ দিয়ে শ্রমজীবীদের স্বাস্থ্যসেবার পরিধি বাড়িয়েছি, সংস্কারের মাধ্যমে মেমন হাসপাতালে এখন আরো মানসম্মত সেবা নিশ্চিত করেছি।"

এডিবির হেলথ স্পেশালিস্ট রুই লিউ বলেন, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে শহরাঞ্চলে বসবাসকারী দরিদ্র মানুষরা পর্যাপ্ত স্বাস্থ্যসেবা পায়না। এক্ষেত্রে এডিবি আর্থিক ও কারিগরি সহায়তা করে সব শ্রেণী-পেশার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতে কাজ করে।

"চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের মাধ্যমে বিপুল পরিমাণ মানুষ উপকৃত হয়েছে। চসিক মেয়রের সাথে আলোচনার প্রেক্ষিতে শিল্প এলাকাগুলোতে রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালুর পাশপাশি মা ও শিশু মৃত্যু হ্রাসে এডিবি সহায়তা বৃদ্ধি করবে।"

চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, চসিক পরিচালিত স্বাস্থ্য কমপ্লেক্সগুলো গত বছর সাড়ে আট লক্ষ লোককে সেবা দিয়েছে এবং এ পর্যন্ত ৭৫ লক্ষ লোককে করোনার টিকা দিয়েছে। এডিবি এগিয়ে আসলে চসিক বর্তমান অবকাঠামো ব্যবহার করেই আরো বেশি মানুষকে সেবা দিতে পারবে। এক্ষেত্রে নতুন লোকবল নিয়োগসহ সব ধরনের সহযোগিতার জন্য প্রস্তুত চসিক।"

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ, এডিবির সহযোগী প্রকল্প বিশ্লেষক (শিক্ষা) ফাইজা আহাদ, তানিয়া ফেরদৌস, আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. তানভির হোসেন, আরবান ক্লাইমেট রিজিলিয়েন্স কো-অর্ডিনেটর মো. জাইদি হাসান খান।

**চসিকের ভ্রাম্যমাণ আদালত**

# দোকানের সামনে ময়লা আবর্জনা ও ফুটপাত দখল করার দায়ে ৭ ব্যক্তিকে ১২ হাজার ৫ শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী এর নেতৃত্বে পরিচালিত অভিযানে নগরের বায়েজিদ বোস্তামী রোডের ফুটপাত দখল করে দোকানের মালামাল রাখা ও দোকানের সামনে ময়লা আবর্জনা ফেলে নোংরা পরিবেশ সৃষ্টির করার দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১২ হাজার ৫ শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

# পাঠকের পদচারণা মুখর বইমেলা: চট্টগ্রামবাসী মাতল কবিতা উৎসবে

জমে উঠেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সার্বিক সহযোগিতায় আয়েজিত অমর একুশে বইমেলা-২০২৩। মঙ্গলবার বিপুল পরিমাণ বইপ্রেমী মেলায় ভিড় জমান,উপভোগ করেন কবিতা উৎসব।

কবিতা উৎসবে প্রধান অতিথির বক্তব্যে বাংলা একাডেমি পুরস্কার প্রাপ্ত কবি আসাদ মান্নান বলেন,মানব সভ্যতার বিকাশ ও বিনির্মানে কবিতার অবদান অনস্বীকার্য বাংলাদেশের কবিতার মূলধারা গণ-আন্দোলন,প্রতিবাদ ও মিছিলের উষ্ণ সাহচর্যে বেড়ে উঠেছে। বাংলা কবিতা তাই শিল্পে, প্রতিবাদে ও মানবিক বোধে উজ্জ্বল।

কবি আসাদ মান্নান আরও বলেন,জেলার কবিরা সাধারণভাবে প্রচারের আলোর বাইরে থাকেন। কিন্তু বাংলা কবিতায় তাঁদের অনেকেরই উল্লেখযোগ্য অবদান আছে। উল্লেখ্য এই চট্টগ্রামের কবি মাহবুবুল আলম চৌধুরীর একুশের প্রথম প্রতিবাদী কবিতা 'কাঁদতে আসিনি ফাঁসির দাবী নিয়ে এসেছি' সারা বাংলায় আন্দোলনের ঝড় তুলেছিলো। এঁদের কবিতা আরও বেশি করে পাঠকদের সামনে পৌঁছে দিতে হবে।

উৎসবের প্রধান বক্তা দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চের সম্পাদক সৈয়দ উমর ফারুক বলেন, ইতিহাসের এক ভয়ংকর দুঃসময়ে কবিরা স্বৈরাচারী দুঃশাসন ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে যে অনন্য অবদান রেখেছেন তা আজ এক অনুস্মরণীয় মহান ইতিহাসে পরিণত হয়েছে। নবীন কবিরা এ ধারা অব্যাহত রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে কবি ও সাংবাদিক ওমর কায়সার বলেন,আমরা নিজের দেশ এবং বিশ্বের মানবিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সংকট অবসানে কবিতার মাধ্যমে নতুন নতুন মর্মবাণী তুলে ধরেছি। আমরা জানি সব কবির কর্তব্য মানুষের জন্য অনন্য সুন্দর পৃথিবীর স্বপ্ন রচনা করা। বই হোক আমাদের নিত্য সঙ্গী।

কবিতা উৎসবে সিরিয়া ও তুরস্কে ভয়াবহ ভূমিকম্পে প্রাণ হারানোদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। উৎসবে স্বাগত বক্তব্য রাখেন বই মেলা কমিটির আহবায়ক ড.নিছার উদ্দীন আহমেদ মঞ্জু।আলোচনায় অংশগ্রহণ করেন, ড.আবদুল-হ আল মামুন, কাউন্সিলর মোহাম্মদ সলিম উল্ল্যাহ, নুরুল আমিন, সংরক্ষিত কাউন্সিলর আনজুমান আরা, হুরে আরা বেগম এবং সাংস্কৃতিক সংগঠক আবদুল হালিম দোভাষ।

এছাড়া একুশে পদকপ্রাপ্ত দৈনিক আজাদীর সম্পাদক এম এ মালেক মেলায় প্রেস ক্লাব স্টল উদ্বোধন এবং প্রজ্ঞালোক প্রকাশনীর প্রকাশিত কবি চাঁদ সুলতানা নকশীর কবিতার বই মিলনান্ত নীলে'র মোড়ক উন্মোচন করেন । উৎসবের অন্যতম আকর্ষণ ছিল স্ব-রচিত কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠান ।

## গার্মেন্টসকর্মী ও শ্রমিকদের জন্য সন্ধ্যাকালীন স্বাস্থ্যসেবা চালু করতে চাই: মেয়র

গার্মেন্টসকর্মী ও শ্রমিকরা দিনে কাজে ব্যস্ত থাকে বিধায় তাদের জন্য রাতে মেডিকেলসেবা চালু করতে চান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের (এডিবি) প্রতিনিধি দলের সাথে আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের বিষয়ে আলাপকালে মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, বাণিজ্যিক এলাকা হওয়ায় চট্টগ্রামে বিপুল পরিমাণ শ্রমিক ও গার্মেন্টসকর্মী কাজ করেন যারা দিনে ব্যস্ত থাকায় চিকিৎসাকেন্দ্রে যেতে পারেননা। আবার, আর্থিক সংকটে থাকায় বেসরকারি হাসপাতালেও তারা সেবা নিতে পারেননা। সমাজের পিছিয়ে পড়া এই মানুষদের স্বাস্থ্যসেবা নিশ্চিতে রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালু করতে চাই। বিশেষ করে চট্টগ্রামের ইপিজেডসহ শিল্পঘন এলাকাগুলোতে দ্রুতই রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালু করব।

"এডিবি আর্থিক সহায়তার জন্য এগিয়ে আসলে চসিকের আওতাধীন স্বাস্থ্যসেবা কেন্দ্রের সংখ্যা ও সেবার পরিধি বৃদ্ধি সম্ভব হবে। স্বাস্থ্যখাতে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে প্রসূতি মায়েদের প্রাণরক্ষার পাশাপাশি নবজাতকদের যথাযথ সেবা দিয়ে আগামীর প্রজন্মকে স্বাস্থ্যবান হিসেবে গড়ে তোলা সম্ভব। আর্থিক সংকটের কারণে কেউ স্বাস্থ্যসেবা না পেয়ে মারা যাবে এমন অমানবিক পরিস্থিতি এড়াতে স্বাস্থ্যসেবায় বিনিয়োগ বৃদ্ধি এবং আরো বেশি চিকিৎসক, নার্সসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মী নিয়োগ প্রয়োজন। ইতোমধ্যে বন্দরটিলা হাসপাতালে চসিকের নিজস্ব ফান্ড থেকে অর্থ বরাদ্দ দিয়ে শ্রমজীবীদের স্বাস্থ্যসেবার পরিধি বাড়িয়েছি, সংস্কারের মাধ্যমে মেমন হাসপাতালে এখন আরো মানসম্মত সেবা নিশ্চিত করেছি।"

এডিবির হেলথ স্পেশালিস্ট রুই লিউ বলেন, বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে শহরাঞ্চলে বসবাসকারী দরিদ্র মানুষরা পর্যাপ্ত স্বাস্থ্যসেবা পায়না। এক্ষেত্রে এডিবি আর্থিক ও কারিগরি সহায়তা করে সব শ্রেণী-পেশার মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতে কাজ করে।

"চট্টগ্রাম সিটি কর্পোরেশনে আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের মাধ্যমে বিপুল পরিমাণ মানুষ উপকৃত হয়েছে। চসিক মেয়রের সাথে আলোচনার প্রেক্ষিতে শিল্প এলাকাগুলোতে রাত্রিকালীন স্বাস্থ্যসেবা চালুর পাশপাশি মা ও শিশু মৃত্যু হ্রাসে এডিবি সহায়তা বৃদ্ধি করবে।"

চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী বলেন, চসিক পরিচালিত স্বাস্থ্য কমপ্লেক্সগুলো গত বছর সাড়ে আট লক্ষ লোককে সেবা দিয়েছে এবং এ পর্যন্ত ৭৫ লক্ষ লোককে করোনার টিকা দিয়েছে। এডিবি এগিয়ে আসলে চসিক বর্তমান অবকাঠামো ব্যবহার করেই আরো বেশি মানুষকে সেবা দিতে পারবে। এক্ষেত্রে নতুন লোকবল নিয়োগসহ সব ধরনের সহযোগিতার জন্য প্রস্তুত চসিক।"

এসময় আরো উপস্থিত ছিলেন চসিকের স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ, এডিবির সহযোগী প্রকল্প বিশ্লেষক (শিক্ষা) ফাইজা আহাদ, তানিয়া ফেরদৌস, আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রকল্পের সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. তানভির হোসেন, আরবান ক্লাইমেট রিজিলিয়েন্স কো-অর্ডিনেটর মো. জাইদি হাসান খান।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮